



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৫ ডিসেম্বর ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইউপিডিএফ-এর বক্তব্য ও কর্মসূচী

আগামীকাল ২৬ ডিসেম্বর পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে কেন্দ্রীয় কমিটি এক বিবৃতিতে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে পার্বত্য চট্টগ্রামের আপামর জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছে।

বিবৃতিতে বলা হয় “ পূর্ণস্বায়ত্তশাসনপন্থীদের ‘গলা টিপে হত্যা, চোখ উপড়ে ফেলে অন্ধ, হাত-পা ভেঙে দিয়ে’ ধ্বংস করতে সক্ষম না হওয়ায় বর্তমানে সরকার-দালালদের কৌশল পরিবর্তিত হয়েছে। শেষ অস্ত্র হিসেবে ব্যবহৃত হচ্ছে গুজব, অপপ্রচার ও বিভ্রান্তি। চলছে পার্বত্য চট্টগ্রামে জল ঘোলা করার ও ছাত্র-যুব সমাজে পঁচন ধরানোর আয়োজন।

“পার্বত্য চট্টগ্রামের জনগণ যাতে নিজেরা নিজস্ব পার্টির পতাকাতলে সংগঠিত হয়ে অধিকার প্রতিষ্ঠা করতে না পারে সে লক্ষ্যে সমাজের একশ্রেণীর লোককে তথাকথিত “জাতীয় দলে” বাগিয়ে নিয়ে জনতার শক্তিকে বিভক্ত ও দুর্বল করার সুগভীর ষড়যন্ত্র চলছে।”

বর্তমান সরকারের সমালোচনা করে বিবৃতিতে বলা হয়: “ অনেক প্রতিশ্রুতি সত্ত্বেও এখন পর্যন্ত পার্বত্য চট্টগ্রাম বিষয়ে আশু হবার মত পদক্ষেপ সরকার নেয়নি। সেনা প্রত্যাহার, ভূমি জরিপ-- এসব হচ্ছে সরকারের রাজনৈতিক ধাপ্লাবাজি। জাতিসত্তার স্বীকৃতি বিষয়টি ফয়সালা না করে সরকার ‘৭২-এর সংবিধান প্রবর্তনের আওয়াজ তুলছে। এটি বলার অপেক্ষা রাখে না যে, ‘৭২-এর সংবিধানে সবাইকে ‘বাঙালি’ হিসেবে আখ্যায়িত করা হয়েছিল, যা তখন পার্বত্য চট্টগ্রামের জনগণ মেনে নেয়নি এবং এখনও মানে না। কোন রাজনীতি সচেতন নাগরিকের নিকট তা গ্রহণযোগ্য নয়।”

তথাকথিত ‘অপারেশান উত্তরণ’ বাতিল না করা, পার্বত্য চট্টগ্রামে বেসামরিক প্রশাসন প্রবর্তন করতে না পারা, কল্লনা চাকমার অপহরণকারী লে. ফেরদৌসকে বিচারের মুখোমুখি করতে সক্ষম না হওয়া, ইউপিডিএফ নেতা রুইখই মারমাকে হত্যা পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত লে. কর্ণেল শরিফুল ইসলামকে সাজা না দেয়া, বান্দরবান-সাজেক-মানিকছড়ি-মাটিরগঙ্গায় ভূমি বেদখল বন্ধ না করাকে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের পার্বত্য চট্টগ্রাম সম্পর্কিত নীতির ক্ষেত্রে ব্যর্থতা হিসেবে বিবৃতিতে চিহ্নিত করা হয়েছে।

পার্টির ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পার্বত্য চট্টগ্রামের তিন জেলাসহ সকল ইউনিটে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে আলোচনা সভা, মত বিনিময়, সাইকেল র্যালি, ফানুস ওড়ানো, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি।

বার্তা প্রেরক

নিরণ চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)